Office of The Dean

Post Graduate Studies (PGS)
SHER-E-BANGLA AGRICULTURAL UNIVERSITY
SHER-E-BANGLA NAGAR, DHAKA-1207. BANGLADESH.
Phone : 02-44814007, E-mail: deanpgs2004sau@gmail.com

স্মারক নং- শেকৃবি/ডীন/পি.জি.এস/PCMC/০৩(১)/...... তারিখঃ ২২/০৯/২০২০ইং

গত ২১-০৯-২০২০ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ডীন, পোষ্ট গ্রাজুয়েট স্টাডিজ প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাস এর সভাপতিত্বে এমএস, এমবিএ ও পিএইচডি প্রোগ্রামের বিভাগীয় চেয়ারম্যান ও Postgraduate Course Monitoring Committee (PCMC)'র সদস্যবৃন্দের সমন্বয়ে Zoom মিটিং অনুষ্ঠিত হয়।

সভায় বিভাগ ভিত্তিক উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম	পদবী	দায়িত্ব নিয়োজিত (বিভাগ)
	কৃষি অনুষদ		
০১	প্রফেসর ড. অলোক কুমার পাল	চেয়ারম্যান	মৃত্তিকা বিজ্ঞান
০২	প্রফেসর ড. মোঃ শহিদুল ইসলাম	চেয়ারম্যান	কৃষিতত্ত্ব
০৩	প্রফেসর ড. মোঃ একরামুল হক	চেয়ারম্যান	বায়োটেকনোলজী
০৪	প্রফেসর ড. মোঃ জাহিদুর রহমান	চেয়ারম্যান	উদ্যানতত্ত্ব
০৫	প্রফেসর ড. এস. এম. মিজানুর রহমান	চেয়ারম্যান	কীটতত্ত্ব
০৬	প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির	চেয়ারম্যান	কৃষি সম্প্রসারণ ও ইনফরমেশন সিস্টেম
০৭	প্রফেসর ড. ফাতেমা বেগম	চেয়ারম্যান	উদ্ভিদ রোগতত্ত্ব
০৮	ড. মোঃ তাজুল ইসলাম চৌধুরী সহযোগী অধ্যাপক	চেয়ারম্যান	কৃষি রসায়ন
০৯	ড. কামরুন্নাহার, সহযোগী অধ্যাপক	চেয়ারম্যান	এগ্রিকালচারাল বোটানী
১০	মোঃ শরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক	প্রতিনিধি	কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান
১১	প্রফেসর ড. কাজী মোঃ কামরুল হুদা	চেয়ারম্যান (অনুপস্থিত)	কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন
১২	প্রফেসর ড. আশরাফী হোসেন	চেয়ারম্যান (অনুপস্থিত)	প্রাণরসায়ন

এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ			
১৩	প্রফেসর গাজী এম. এ. জলীল	চেয়ারম্যান	কৃষি অর্থনীতি
১৪	ড. অশোক কুমার ঘোষ, সহযোগী অধ্যাপক	চেয়ারম্যান	ডেভেলপমেন্ট এন্ড পোভার্টি স্টাডিজ
১৫	ড. মোঃ সাদিক রহমান, সহযোগী অধ্যাপক	চেয়ারম্যান	ম্যানেজমেন্ট এন্ড ফিন্যান্স
১৬	সাউদা আফরিন এ্যানি, সহকারী অধ্যাপক	চেয়ারম্যান	এগ্রিবিজনেস্ এন্ড মার্কেটিং
১৭	প্রফেসর জুলফিকার আহমেদ রেজা	চেয়ারম্যান (অনুপস্থিত)	কৃষি পরিসংখ্যান
এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন অনুষদ			
১৮	প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম	চেয়ারম্যান	এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট বিভাগ
১৯	ড. মোহাম্মদ সাইফুল ইসলাম সহযোগী অধ্যাপক	চেয়ারম্যান	এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি
২০	ড. কে. বি. এম. সাইফুল ইসলাম সহযোগী অধ্যাপক	চেয়ারম্যান	মেডিসিন এন্ড পাবলিক হেলথ
২১	ড. আমিনা খাতুন, সহকারী অধ্যাপক	চেয়ারম্যান	প্যাথলজী
২২	ড. লাম ইয়া আসাদ, সহযোগী অধ্যাপক	প্রতিনিধি	এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং বিভাগ
২৩	ড. উদয় কুমার মহন্ত, সহযোগী অধ্যাপক	চেয়ারম্যান (অনুপস্থিত)	মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ
২৪	প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ	চেয়ারম্যান (অনুপস্থিত)	পোল্ট্রি বিজ্ঞান বিভাগ

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার আলোচ্য বিষয়সমূহ ও সিদ্ধান্তসমূহঃ

আলোচ্য বিষয় ০১। জুলাই-ডিসেম্বর/২০২০ সেমিস্টারের ক্লাস শুরু করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ জুলাই-ডিসেম্বর/২০২০ইং সেমিস্টারের ক্লাস আগামী ০৪ অক্টোবর, ২০২০ থেকে শুরু করার সর্বসম্মতহ সিদ্ধান্ত হয় এবং সেমতে প্রত্যেক বিভাগ কর্তৃক এমএস/এমবিএ/পিএইচডি প্রোগ্রামের রুটিন তৈরী করে ডীন, পিজিএস অফিসে জমা দেয়ার সিদ্ধান্ত হয়। বিভাগীয় চেয়ারম্যান সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের সাথে যোগাযোগ পূর্বক ক্লাস শুরু করতে সচেষ্ট থাকবেন এবং আগামী ডিসেম্বর, ২০২০ এর মধ্যে সকল ক্লাস সম্পন্ন করার ব্যাপারে সবাই একমত পোষন করেন।

আলোচ্য বিষয় ০২। জুলাই-ডিসেম্বর/২০২০ এর ছাত্র-ছাত্রীদের Enrollment সম্পন্ন করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ যথানিয়মে বিশ্ববিদ্যালয় খোলার পর জুলাই-ডিসেম্বর/২০২০ এর ছাত্র-ছাত্রীবৃন্দ Enrollment সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ০৩। জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারের সেমিনার কোর্স সম্পন্ন করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারের ছাত্র-ছাত্রীদের সেমিনার কোর্স দ্রুত শেষ করার পর পরবর্তী সেমিস্টারের (জুলাই-ডিসেম্বর/২০২০) সেমিনার কোর্সের Enrollment শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ০৪। জানুয়ারী-জুন/২০২০ইং সেমিস্টারের থিসিস জমাদান প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারের ছাত্র-ছাত্রীদের থিসিস ১৫ মে, ২০২০ এর মধ্যে জমাদানের সিদ্ধান্ত ছিল। কিন্তু করোনা মহামারীর কারণে উক্ত সিদ্ধান্ত কার্যকর করা সম্ভবপর হয়নি। যেহেতু জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারের ক্লাস, সেমিনার ইত্যাদি ইতিমধ্যে সম্পন্ন অথবা শীঘ্রই সম্পন্ন হবে তাই উক্ত সেমিস্টারে থিসিস জমাদানে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে আগামী ২৯ অক্টোবর, ২০২০ এর মধ্যে সংশ্লিষ্ট বিভাগে থিসিস জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে সুপারভাইজার ও চেয়ারম্যান মহোদয়কে যথাযথ ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ০৫। জুলাই-ডিসেম্বর/২০২০ইং সেমিস্টারে ছাত্র-ছাত্রী ভর্তি প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ COVID-19 এর কারণে বিগত সেমিস্টারের স্বাভাবিক কাজকর্মাদি বিলম্বিত হয় বিধায় সেসন জ্যাম পরিহারের উদ্দেশ্যে জুলাই-ডিসেম্বর/২০২০ইং সেমিস্টারে ছাত্র-ছাত্রী ভর্তি না করিয়ে আগামী ডিসেম্বর, ২০২০ এ নতুন ছাত্র-ছাত্রী ভর্তির প্রক্রিয়া সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ আলোচ্য সূচী ০১। NST মৌখিক পরীক্ষায় অংশগ্রহনে আগত ছাত্র-ছাত্রীদেরকে আবাসিক হলে থাকার অনুমতি প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে এমন সিদ্ধান্ত গৃহীত হয় যে কোন ছাত্র-ছাত্রী উল্লেখিত কারণে হলে অবস্থান করতে চাইলে তাকে সংশ্লিষ্ট প্রভোস্ট বরাবর দরখাস্ত করতে হবে এবং উক্ত দরখাস্তে বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশ থাকতে হবে এবং এ সংক্রান্ত প্রমানাদি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে। সম্পূন মানবিক দিক বিবেচনা করে স্বল্প সময়ের (১/২ দিন) জন্য ছাত্র-ছাত্রীদেরকে হলে অবস্থান করার অনুমতি প্রদান করার জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ আলোচ্য সূচী ০২। থিসিস সেমিস্টারের ছাত্র-ছাত্রীদের গবেষণার উপাত্ত নিজ নিজ রুম থেকে নেয়ার অনুমতি প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ যেহেতু ২৯ অক্টোবর, ২০২০ এর মধ্যে থিসিস সেমিস্টারের ছাত্র-ছাত্রীদেরকে বিভাগীয় অফিসে থিসিস জমা দেয়ার সিদ্ধান্ত হয়েছে তাই কোন ছাত্র-ছাত্রী তাদের নিজ নিজ রুমে রক্ষিত গবেষণা উপাত্ত এবং তদসংশ্লিষ্ট আনুষঙ্গিক অন্যান্য জিনিসপত্র হল থেকে নিতে চাইলে স্বল্প সময়ের জন্য তাদেরকে হলে প্রবেশ করার অনুমতি প্রদান করার জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়, তবে এক্ষেত্রেও সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে হল প্রভোস্ট বরাবর দরখাস্তে সুপারভাইজার ও বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশ থাকতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাস)
ডীন
পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
ঢাকা-১২০৭

Postgraduate Course Monitoring Committee (PCMC)'র সদস্য ও চেয়ারম্যান,

.... বিভাগ।
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭

অনুলিপিঃ

০১। ডীন, কৃষি অনুষদ/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ/ এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন অনুষদ, শেকৃবি, ঢাকা।
০২। ট্রেজারার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০৩। রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০৪। পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা, শেকৃবি, ঢাকা।
০৫। পরিচালক, তথ্য ও যোগাযোগ কেন্দ্র, শেকৃবি, ঢাকা।
০৬। পরীক্ষা নিয়ন্ত্রক, শেকৃবি, ঢাকা।
০৭। প্রভোস্ট (সকল), ... শেকৃবি, ঢাকা।
০৮। একান্ত সচিব ভি.সি. সচিবালয় (ভি.সি. মহোদয়কে সদয় অবগতির জন্য) শেকৃবি, ঢাকা।
০৯। পি.এ. টু প্রো-ভিসি, (প্রো-ভিসি মহোদয়কে সদয় অবগতির জন্য) শেকৃবি, ঢাকা।
১০। অফিস কপি।